# ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট

গ্রাম ঃ বটতলী, ডাকঘর ঃ ফতেয়াবাদ, থানা ঃ হাটহাজারী, জেলা ঃ চট্টগ্রাম।

সূত্র ঃ ইচৌমোমফা/শিবৃ-২০২৭/২০২৬(২০) তারিখ ঃ ২৬/০৮/২০২৬

## <u>বিজ্ঞপ্তি</u>

## <u>শিক্ষাবৃত্তি- ২০২৭</u>

**"ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট"** একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতি বছরের ন্যায়, এ বছরও ফাউন্ডেশন, সরকার ও সরকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দা ও মেধাবী অথচ আর্থিক সাহায্যের প্রয়োজন রয়েছে, এমন ছাত্র-ছাত্রীদেরকে মাসিক শিক্ষাবৃত্তি প্রদান করবে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত এবং স্বীকৃত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধীনে **বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকৌশল, চিকিৎসা, বাণিজ্য, অর্থনীতি** বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত (তৃতীয় শ্রেণী প্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) **চট্টগ্রাম জেলার শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের** থেকে ফাউন্ডেশন এর অফিসে প্রাপ্ত নির্ধারিত ছকে/ফরমে ২০২৭ ইং শিক্ষাবর্ষের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে। এই শিক্ষাবৃত্তি এক বছরের জন্য প্রাথমিকভাবে বলবৎ থাকবে, যা পরবর্তীতে প্রতি বছর পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নবায়ন করা হবে শিক্ষাকাল বলবৎ থাকা পর্যন্ত। উল্লেখ্য যে, সাধারণত ১লা জানুয়ারি থেকে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত শিক্ষাবৃত্তির বার্ষিক মেয়াদ নির্ধারিত আছে।

এই বিজ্ঞপ্তিটি সরকার কর্তৃক প্রতিষ্ঠিত সকল কলেজ, বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করার জন্য শিক্ষার্থীরা অত্র অফিস থেকে প্রাপ্ত ফরম পূরণের মাধ্যমে সরাসরি অফিসে এসে আবেদন করতে পারবে। আবেদনপত্র সমূহ যাচাই-বাচাই পূর্বক, আবেদনকারীদের মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।

<u>আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ও সময়</u> : **২৯ই অক্টোবর ২০২৬ইং, বিকাল ৪ ঘটিকা পর্যন্ত।**

<u>প্রয়োজনীয় কাগজপত্রাদি:</u>

ক) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) স্থায়ী ঠিকানার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র ও অভিভাবকের আয়ের সনদপত্র।

গ) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (সম্মান) পরীক্ষা সমূহের মূল মার্কসীট এর সত্যায়িত ফটোকপি।

ঘ) জাতীয় পরিচয় পত্র অথবা জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।

ঙ) স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভর্তির রশিদ ও শিক্ষার্থীর পরিচয় পত্রের (প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত) সত্যায়িত ফটোকপি।

**বিশেষ দ্রষ্টব্যঃ প্রতি শুক্র ও শনিবার এবং সরকারি ছুটির দিনগুলোতে ইচৌমোমফা এর অফিস বন্ধ থাকে। অফিস সময়সীমা সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত। অফিস চলাকালীন সময়ে যেকোন প্রয়োজনে ০১৮১৮-৯৬৩৫৬২ নাম্বারে যোগাযোগ করবেন।**